



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/ ১১৯১/৫

তারিখ: ২৬.০৮.২০২০খ্রি.

**বিষয়: শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল প্রসঙ্গে**

সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১২৭৯১৮১/রংপুর-২০৯/১১৩২/৪; তারিখ: ১২.১২.২০১৯খ্রি.  
২) স্মারক নং-০৫.৪৭.০৭৭৭.০০৪.০০.০০৮.২০-৩৪৯(৩); তারিখ: ০৮.০৩.২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ শাহজাহান আলী ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-“নারী ঘটিত অপকর্মের বিষয়ে বিগত ০৯/০১/২০১৯ খ্রি. তারিখে সভাপতি কর্তৃক তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। বিগত ১২/০১/২০১৯ খ্রি. তারিখে তিনি উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন। কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে যথাযথ জবাব প্রদানের পরেও সভাপতি বিগত ১৩/০১/২০১৯ খ্রি. তারিখে তাকে বিনা কারণে সাময়িক বরখাস্ত করেন। পরবর্তীতে সুপার (সাময়িক বরখাস্তকৃত) বিগত ১২/০২/২০১৯ খ্রি. তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর-কে সাময়িক বরখাস্তের বিষয়টি অবহিত করার পর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তদন্ত করে সুপারের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ ভিত্তিহীন মর্মে মতামত প্রদান করেন। মাদ্রাসার সভাপতি মতামত উপেক্ষা করে অদ্যাবধি সুপারের সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করেননি।”

দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর-কে সরজমিনে তদন্তপূর্বক মতামতের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ, রংপুরকে আহ্বায়ক করে ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন পূর্বক তদন্ত করিয়ে সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সুপার জনাব মোঃ শাহজাহান আলীর সাময়িক বরখাস্ত প্রত্যাহার না করার যথেষ্ট কারণ থাকায় প্রত্যাহার করা হয়নি মর্মে প্রতীয়মান হয় এবং সুপার জনাব মোঃ শাহজাহান আলীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনেকাংশে সত্য প্রতীয়মান হওয়ায় তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া যেতে পারে মর্মে সুপারিশ করা হয়েছে।

অন্যদিকে জনাব মোঃ শাহজাহান কর্তৃক দায়েরকৃত ডিসি রিট পিটিশন নং-১৫১/২০২০ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট তার ০৮.০৩.২০২০খ্রিঃ তারিখের দরখাস্ত নিষ্পত্তির জন্য গত ২৩.০৬.২০২০খ্রিঃ আদেশ জারি করেছেন।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশ মোতাবেক জনাব মোঃ শাহজাহান এর ০৮.০৩.২০২০খ্রিঃ তারিখের দরখাস্ত/অভিযোগ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত আগামী ০৭.০৯.২০২০খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৬.০৮.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: ১, সভাপতি, জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;  
২, সুপার (ভারপ্রাপ্ত), জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;  
৩, জনাব মোঃ শাহজাহান, সুপার (সাময়িক বরখাস্তকৃত- জুনিদপুর নায়েবিয়া দ্বি-মুখী দাখিল মাদ্রাসা)  
গ্রাম: আজমপুর, ডাকঘর: পলাশবাড়ী, উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর;

২৬/০৮/২০২০

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-২০৯/ ১১৯১/৫

তারিখ: ২৬.০৮.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, রংপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর ;
৩. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

২৬/০৮/২০২০